



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
পটুয়াখালী সরকারি কলেজ  
পটুয়াখালী



E-mail: p.govt.college@gmail.com  
EIIIN: 102596

Website: patuakhali.govtcollege.org  
Phone: 0441-62415

নং ৫৬

তারিখঃ ২৯/০৭/২০২১ খ্রি.

## স্নাতক (সম্মান) ১ম বর্ষ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

পটুয়াখালী সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ: ২৯/০৭/২০২১ খ্রি. থেকে ১৩/০৮/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত।

বি.দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

### ১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুজ বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুজ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র (i) এইচএসসি (ভোকেশনাল) (ii) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) (iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) প্রার্থীদের উচ্চমাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তিযোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

২। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হলে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর পেমেন্ট ম্যানুতে গিয়ে পটুয়াখালী সরকারি কলেজের **Biller Id: 3330** এর মাধ্যমে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে ট্রানজেকশন আইডি প্রিন্টকৃত ফরমের কলেজ অংশে লিখে আবেদনকারী সংরক্ষণ করবে। কলেজের প্রয়োজন হলে কলেজ অংশ পরবর্তীতে অফিসে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর:

২৯.৭.২১

প্রফেসর মুহাম্মদ শাহ আলমগীর  
অধ্যক্ষ (চলতি দায়িত্ব)  
পটুয়াখালী সরকারি কলেজ  
পটুয়াখালী

২৯/৭/২০২১

(মোহাম্মদ জাকির হোসেন চৌধুরী)  
আহ্বায়ক  
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২০-২০২১  
পটুয়াখালী সরকারি কলেজ  
পটুয়াখালী